# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(একটি রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন:+৮৮-০২-৯৩৩৬৫০৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ওয়েবসাইট: www.boesl.gov.bd

৪৯.০২.০০০০.০০১.১১.০০১.১৮/৬৩ তারিখ: ২৮ পৌষ ১৪২৮
১২ জানুয়ারি ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)- এর নিম্নোক্ত শূন্যপদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও দক্ষতা |
|---|---|---|---|
| ১. | ব্যবস্থাপক (অর্থ ও হিসাব)<br>গ্রেড-৯<br>বেতনস্কেল:<br>(২২০০০-৫৩০৬০) | ০১<br>(এক) টি | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স/ একাউন্টিং/ অর্থনীতিতে মাস্টার্স ডিগ্রি ।<br>২) ফিন্যান্সিয়াল ও একাউন্টিং বিষয়ে বাস্তব জ্ঞান এবং সফটওয়্যার পরিচালনায় অভিজ্ঞতা ।<br>৩) কঠোর মূল্যবোধ ও দাপ্তরিক গোপনীয়তা রক্ষায় সক্ষমতা ।<br>৪) প্রফেশনাল CFA/CPA ডিগ্রীধারীরা অগ্রাধিকার পাবেন ।<br>৫) একাউন্টিং সফটওয়্যার সহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>৬) শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণ যোগ্য নয়।<br>৭) বয়স ২১-৩০ বছর। |
| ২. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল :<br>(১১০০০-২৬৫৯০) | ০৩<br>(তিন) টি | ১) স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ।<br>২) হার্ডওয়্যারও Ms Office সহ কম্পিউটার পরিচালনা, ইন্টারনেট, ই-মেইল, ফ্যাক্স, মেসেজ আপলোড ও ডাউনলোড, জবাব সহ মেইল প্রেরণ এবং ফাইল স্ক্যানিংএ দক্ষতা থাকতে হবে।।<br>৩) ইংরেজি টাইপে ন্যূনতম ৩০ শব্দ/মিনিট ও বাংলা টাইপে ন্যূনতম ২৫ শব্দ/মিনিট গতি থাকতে হবে।<br>৪) শিক্ষাগত যোগ্যতায় কোনো পর্যায়ে ৩য় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণ যোগ্য নয়।<br>৫) বয়স ২১-৩০ বছর হতে হবে। |
| ৩. | রিসেপশনিস্ট<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল :<br>(১১০০০-২৬৫৯০) | ০১<br>(এক) টি | ১) স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ।<br>২) Ms Office সহ কম্পিউটার পরিচালনা, টেলিফোন, ফ্যাক্স, PABX অপারেটিং বিষয়ে দক্ষতা।<br>৩) সাংগঠনিক দক্ষতা, সুস্বাস্থ্যের অধিকারী ও স্মার্ট ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে ।<br>৪) বাংলায় লিখিত ও মৌখিক যোগাযোগে পারদর্শী হতে হবে।<br>৫) মাল্টিটাস্কিং, সময় ব্যবস্থাপনা এবং গ্রাহক সেবার দক্ষতা থাকতে হবে ।<br>৬) মহিলা প্রার্থী অগ্রাধিকার পাবেন।<br>৭) শিক্ষাগত যোগ্যতায় কোনো পর্যায়ে ৩য় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণ যোগ্য নয়।<br>৮) বয়স ২১-৩০ বছর হতে হবে। |
| ৪. | বার্তাবাহক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল:<br>(৮২৫০- ২০০১০) | ০১<br>(এক) টি | ১) স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২) বয়স ২১-৩০ বছর হতে হবে। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

(১) প্রার্থীকে বোয়েসেল প্রদত্ত নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করতে হবে (দুই সেট) । আবেদন ফরম এবং প্রবেশপত্র বোয়েসেল-এর ওয়েবসাইটে (www.boesl.gov.bd) পাওয়া যাবে ।

(২) ৩১.১২.২০২১ খ্রি.তারিখে প্রার্থীর বয়সসীমা:

(ক) সকল প্রার্থীদের (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ২১-৩০ বছর।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২১-৩২ বছর।

(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ২১-৩২ বছর।

(ঘ) বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩) নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং-৪ এর ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪/১০/২০১৮খ্রি. তারিখের পরিপত্র নং ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৪) জন্মসূত্রে বাংলাদেশি নাগরিকরা আবেদনকরতে পারবেন ।

৫) ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৬) সরকারি, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭) আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৮) কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৯) আবেদনপত্রের সাথে 'বোয়েসেল, ঢাকা' এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।

১০) প্রার্থীকে আবেদনপত্রের সাথে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি

(খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার/সিটি করপোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি

ঘ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি

ঙ) শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি

চ) কোন প্রার্থী মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০. ০০২.১০.২৬২৪.২০১৭.৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র/তথ্যাদি দাখিল করতে হবে ।

১১) মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শনকরতে হবে ।

১২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ।

১৩) প্রার্থীদের লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৪) নিয়োগের ক্ষেত্রে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৫) উল্লিখিত পদ সংখ্যার হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে ।

১৬) সকল আবেদনপত্র "ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০" বরাবর আগামী ০৬.০২.২০২২ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে । আবেদনপত্র কুরিয়ার/ডাকযোগে পাঠাতে হবে । নির্ধারিত তারিখের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না ।

কোম্পানি সচিব
বোয়েসেল।